R. N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
২৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৪শে অগ্রহায়ণ, ২রা পৌষ বুধবার, ১৩৮৭ সাল
১০-১৭ই ডিসেম্বর ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## সরকার সজাগ হলে বহু চাষী রুজি-রোজগার ফিরে পায়

বিশেষ প্রতিবেদক : রাজ্য সরকার সজাগ হলে জঙ্গিপুর মহকুমার কৃষিপ্রধান সাগরদীঘি ব্লকের কয়েক শো চাষীর রুজি রোজগারের সংস্থান হয়। ১৯৭৫ সালে ফরাক্কা প্রকল্প চালু হওয়ার আগে পর্যন্ত কান্তনগর-বীরেন্দ্রনগরের চাষীদের জীবিকা নির্বাহ হত চাষবাস করে। কিন্তু ১৯৭৫ সালের মে মাসে ফরাক্কা প্রকল্প চালুর পর অগভীর ভাগীরথীর জল পশ্চাদপসরণ করে কান্তনগর-বীরেন্দ্রনগরের ২০০ একরেরও বেশী জমি ডুবিয়ে দেয়। সেই থেকে এখন অবধি ওই পরিমাণ জমি জলমগ্ন হয়ে রয়েছে। চাষীরা তাদের রুজি-রোজগার হারিয়েছে। অথচ সামনেই ভাগীরথী, বল্লেন বীরেন্দ্রনগর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কান্তনগরের রামবাবু, ছোট ছোট পাইপ দিয়ে ২০০ একরের আবদ্ধ জল সহজেই বের করে দেওয়া যায়। আর তা যদি করা হয় তবে ধান, পাট, চৈতালি আগের মত আবাদ করা যেতে পারে। চাষীরা জানালেন, সেচ দফতর তৎপর হলে সহজেই এ কাজ হয়। কিন্তু তাঁরা তা না করে এই পাঁচ বছর ধরে শুধু যাওয়া-আসা আর প্ল্যান এষ্টিমেট নিয়েই ব্যস্ত রয়েছেন। ফলে চাষীদের কোন উপকারে এখনও তাঁরা লাগেননি। গ্রামবাসীদের বিশ্বাস গ্রাম পঞ্চায়েত থেকে চেষ্টা চালালেও জল নিষ্কাশন প্রকল্প রূপায়িত হতে পারে। কিন্তু পঞ্চায়েতের পক্ষ থেকে ওই ধরনের কোন প্রচেষ্টা এখনও পরিলক্ষিত হয়নি।

## পুরসভার কাজে পুরমন্ত্রী সন্তুষ্ট

নিজস্ব সংবাদদাতা : ১১ ডিসেম্বর কৃষ্ণবল্লভ রায় শিশু উদ্যানের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে এসে রাজ্যের স্থানীয় স্বায়ত্ত শাসন ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রশান্ত শূর জঙ্গিপুর পুরসভার কাজকর্ম দেখে সন্তোষ প্রকাশ করেন। কৃষ্ণবল্লভ রায় জঙ্গিপুর পুরসভার প্রথম নির্বাচিত পুরপতি। নতুন কমিটি তাঁর স্মৃতিরক্ষার উদ্দেশ্যে জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসের সামনে তাঁর নামানুসারে একটি শিশু উদ্যান স্থাপনের প্রস্তাব গ্রহণ করেন। পুরমন্ত্রী ওই দিন ওই শিশু উদ্যানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। একই সঙ্গে তিনি পুর কর্মচারী সমিতির অফিসগৃহের উদ্বোধন করেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পুরমন্ত্রী বলেন, নতুন কমিটির কাজকর্ম বেশ ভালো। এক বছরে তাঁরা চার লাখ টাকা খরচ করেছেন ছোট রাস্তা, কালভার্ট এবং ড্রেন খাতে। এটা উল্লেখযোগ্য দৃষ্টান্ত। শহরটিও বেশ পরিষ্কার-পরিচ্ছন্ন। পুরমন্ত্রী আরো বলেন, জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরের মধ্যে সংযোগ স্থাপনের জন্য এখানকার মানুষের ভাগীরথীর ওপর সেতু

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## চুয়ান্ন জন প্রাঃ শিক্ষকের সমিতি পদ ত্যাগ

নিজস্ব সংবাদদাতা : নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির সুতি চক্র শাখার চুয়ান্ন জন প্রাথমিক শিক্ষক একযোগে সমিতি থেকে পদত্যাগ করেছেন। পদত্যাগকারীদের প্রচারিত ইস্তাহার থেকে এ খবর জানা গেছে। ইস্তাহারে তাঁরা বলেছেন, শিক্ষা ও শিক্ষকদের উন্নতিকল্পে ১৯৩৫ সালে এই সমিতির জন্ম হয়। কিন্তু ১৯৬৬ সালের পর থেকে রাজনীতির ক্ষেত্রে সি পি আই (এম) পারটির আত্মপ্রকাশের পর থেকে সমিতি নিজস্ব নীতি ও আদর্শকে জলাঞ্জলি দিয়ে ওই পারটির অনুগামী হয়ে চলতে থাকে। প্রতিবাদ ও কঠোর সমালোচনাও সমিতিকে বিপথ হতে ফেরাতে পারেনি। ১৯৭৭ সালে কেন্দ্রে জনতা পারটি ও পশ্চিমবঙ্গে বামফ্রন্ট ক্ষমতাসীন হওয়ার পর সমিতির শিক্ষক স্বার্থবিরোধী কার্যকলাপ প্রকটভাবে দেখা দেয়। এই অবস্থায় এর মধ্যে থাকতে না পারায় তাঁরা সমিতির সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করে এর চক্র পরিষদ ও সাধারণ সদস্য পদে ইস্তফা দিতে বাধ্য হলেন।

## পারশিবপুর প্রসঙ্গে জেলা পুলিশ সুপার

বহরমপুর, ৫ ডিসেম্বর—পারশিবপুরের মালিকানা মালদা মুরশিদাবাদের নয় একথা সাংবাদিক সম্মেলনে মুরশিদাবাদ জেলার পুলিশ সুপার সুলতান সিং জানান। চর জবর দখলকারীদের আইন মোতাবেক তুলে দেওয়া হয়। পারশিবপুরের ঘটনায় জড়িত ৬৪ জনকে আইন-শৃঙ্খলারক্ষায় প্রয়োজনে আটক করা হয় বলে পুলিশ সুপার সাংবাদিকদের জানান।

ফসল কাটা জেলায় শান্তিপূর্ণভাবে হবে বলে পুলিশ সুপার আশা প্রকাশ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ২১ কুঃ চিনি আটক

রঘুনাথগঞ্জ, ১৭ ডিসেম্বর—খাদ্য কর পোরেশনের রঘুনাথগঞ্জ গুদাম থেকে অমরজ্যোতি ক্লাবের ছেলেরা গতকাল হিসাব বহির্ভূত একুশ কুইনটাল চিনি আটক করেন। পরে ওই চিনি সরকার নির্ধারিত রেশন চিনির মূল্যে অর্থাৎ সাড়ে তিন টাকা কিলো দরে কারড পিছু এক কেজি করে শহরের কারড মালিকদের মধ্যে বিক্রী করা হয়। আটক চিনির পুরোটাই এক-জন পরিবহণ ঠিকাদারের বলে

## চিকিৎসক প্রহৃত

নিজস্ব সংবাদদাতা : ১২ ডিসেম্বর সন্ধ্যায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে একজন রোগীর মৃত্যুকে কেন্দ্র করে একদল উত্তেজিত লোকের হাতে হাসপাতালের ভারপ্রাপ্ত এস ডি এম ও ডাঃ এস দত্ত প্রহৃত হয়েছেন। পুলিশ সূত্রের খবরে প্রকাশ, ওই রোগীর বাড়ী লোতকমল। বিনা চিকিৎসায় মারা গেছে এই অভিযোগে উত্তেজিত লোকেরা চিকিৎসককে প্রহার করেন। এ ব্যাপারে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনার পর হাসপাতালে সশস্ত্র পুলিশ পাহারা বসানো হয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে ইতিপূর্বে আর এক রোগীর মৃত্যুর ঘটনায় একটি রাজনৈতিক দলের সমর্থকদের হাতে ডাঃ দত্ত আর একবার লাঞ্ছিত হয়েছিলেন। সেবারও অভি-যোগ ছিল, বিনা চিকিৎসায় রোগীর মৃত্যু।

## আবার ধর্ষণের চেষ্টা

সাগরদীঘি, ১৭ ডিসেম্বর—এই থানার মনিগ্রাম থেকে আবার ধর্ষণের অপ-চেষ্টার সংবাদ পাওয়া গিয়েছে। ইতি-পূর্বে ওই গ্রামে দুটি ধর্ষণের ঘটনা ঘটে এবং পুলিশ কোন ব্যবস্থা না নেওয়ায় জনমনে ভীতির সঞ্চার হয়। এর পরে আবার একটি ধর্ষণের অপ-চেষ্টার ঘটনায় গ্রামে বিশেষ করে মেয়েদের মধ্যে আতঙ্ক আরো বেড়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ধুলিয়ান পুরসভার নতুন পুরপতি

ধুলিয়ান, ১৭ ডিসেম্বর—দোলন রায় ধুলিয়ান পুরসভার নতুন পুরপতি নির্বাচিত হয়েছেন। পূর্বতন পুরপতি সুধীর সাহা ১৬ নভেম্বর পরলোকগমন করলে পদটি শূন্য হয়। দোলন রায় ১২ ডিসেম্বর ওই পদে নির্বাচিত হন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে অগ্রঃ-২রা পৌষ বুধবার, ১৩৮৭

# নির্দয় আহ্বান

পৌষ সকলকেই ডাক দিয়াছে। কবির কণ্ঠের সেই বাণীতে মূক প্রকৃতি যেন মুখর হইয়া উঠিত আর তাহার উদার দানে পরিতৃপ্ত হইত মানুষ। বস্তুতঃ শীতের আহ্বান শুনিবার জন্যই যেন সারা বৎসরের সাধনা ও দীর্ঘ প্রতীক্ষা। গ্রীষ্মের দাবদাহ, বর্ষার ধারাসার—সবই শীতের নানা ডালা সাজাইবার আয়োজন। মাঠে মাঠে সোনালী ধান, ক্ষেত বাগিচায় সবজি আখ-খেজুরের গুড়—যে মহোৎসব আনে, তাহাতে জুটিয়া যায় ধনী নির্ধন সর্ব শ্রেণীর মানুষ। তাই পৌষের উৎসব সর্বজনবাঞ্ছিত এবং বন্দিত।

কিন্তু কালের কুটিল গতিতে সে মহোৎসব যেন আজ স্তিমিত। আজ সার্বজনীন মহাসম্মেলন নাই। ঘরে ঘরে নানাবিধ খাদ্যসামগ্রী প্রস্তুতির কোন উৎসাহ দেখা যায় না। মুষ্টিমেয় ভাগ্যবানেরই পৌষপার্বণ, সাধারণ মানুষ সামান্য শাকান্নের ব্যবস্থাপনায় দিশাহারা। আয়ের অঙ্ক ব্যয়ের অঙ্কের বহু নিম্নে পড়িয়া আছে। জীবনরক্ষার প্রধান অবলম্বন ভাত-রুটি-ডাল। তাহাই সংগ্রহ করা সুকঠিন। ধানের পুরা মরশুমেও চালের দর কিলো প্রতি দুই টাকার কম নহে। ডাল পাঁচ টাকা বা তদুর্ধ্ব। আনাজ-সবজি সেই হারে অগ্নিমূল্য। কপি, আলু, বেগুন, টমেটো—কোনটির কথা বলা যায়? গুড়-চিনি-তেল মহামূল্যবান বস্তু। দুধ-ঘিও স্বপ্নের জিনিস—নিতান্তই অলীক।

এমতাবস্থায় পৌষের আহ্বান নিতান্ত বেসুরা, বেমানান। সেই আহ্বান ত চিরন্তন। কিন্তু মানুষ তাহাতে সাড়া দিতে পারিতেছে না। খুবই সত্য কথা যে, আজিকার দিনে মানুষের আয়ের অঙ্ক বাড়িয়াছে। কিন্তু তদনুপাতে ব্যয়ের অঙ্ক এতগুণ বাড়িয়াছে যে, সেই আয়ে ক্রয়ক্ষমতা থাকিতেছে না। আগের দিনে আয় যেমন কম ছিল, তেমনি তাহার সহিত সমতাবিধানকারী বাজার দরও ছিল। আর তাহার ফলে প্রত্যেক ঘরেই পৌষের উৎসব তথা শীতের আনন্দের জোয়ার চলিত। কিন্তু এখন এই শীত নিতান্তই নিরানন্দ। কাজেই তাহার আহ্বান নির্দ্দয়।

## চিঠি-পত্র

( মতামতের জন্য সম্পাদক দায়ী নহে )

### পূজো সংখ্যার উপন্যাস

আপনাদের পুজো সংখ্যায় 'পরিধি পেরিয়ে' পড়ে চমকে উঠলাম। প্রায় অপরিচিত এক নতুন লেখকের লেখা বিশ্বাস করা যায় না। আমাদের চারিদিকের গণ্ডির বাইরে উনি বলিষ্ঠ কলমের টানে টেনে নিয়ে গিয়ে আশ্চর্য্য আনন্দ দিয়েছেন। বার বার পড়েও আশা মেটে না। মৃত্যু যে এত সুন্দর হয় এই প্রথম জানলাম। জীবন যে এত নাটকীয় তার উপলব্ধি এখানেই। আগামী দিনের বলিষ্ঠ লেখকের নামে 'আগাম' জয় দিয়ে রাখছি। —তরুণ সাহা, কাদাই, বহরমপুর।

## নিয়ন্ত্রণহীন বাস দুর্ঘটনা, হত—১

রঘুনাথগঞ্জ, ১৭ ডিসেম্বর—আজ দুপুরে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের কাছে মিঞাপুর লেভেল ক্রশিং এ নিয়ন্ত্রণহীন একটি যাত্রীবাহী বাস দুর্ঘটনায় একজন সাইকেল আরোহী নিহত হয়েছে। জানা গেছে, বহরমপুর—ফরাক্কা রুটের ডবলু জি কিউ ১৩০১ নম্বরের বাসটি ফরাক্কা যাওয়ার পথে ব্রেক ফেল করে নিয়ন্ত্রণ হারায়। ওই সময় লেভেল ক্রশিং এর গেট বন্ধ ছিল। নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি লেভেল ক্রশিং এর দুটো গেট ভেঙে লাবু মাল (১৪) নামে একজন সাইকেল আরোহীকে চাপা দেয়। আশঙ্কাজনক অবস্থায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তির পর বালকটির মৃত্যু ঘটে। বাস চালককে গ্রেফতার করা হয়েছে।

৩৪নং জাতীয় সড়কের কাঁকুড়িয়ার কাছে ১২ ডিসেম্বর রাত্রে একটি লরি রঘুনাথগঞ্জ বাজারপাড়ার সাধুচরণ দাস নামে একজন সাইকেলারোহীকে চাপা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলেই সাধুচরণের মৃত্যু ঘটে। ২ ডিসেম্বর এন এম জি আর রোডের হরহরি গ্রামের কাছে ফরাক্কা—বহরমপুর ভায়া সাগরদীঘি রুটের একটি বাস চার বছর বয়সের একটি মেয়েকে চাপা দিয়ে সাগরদীঘি থানায় আত্মসমর্পণ করে। হাসপাতালে ভর্তির পর মেয়েটি মারা যায়।

**জলে ডুবে মৃত্যু ঃ** সম্প্রতি রঘুনাথগঞ্জ গাড়াঘাটে একজন মাঝি ডুবে মারা যায়। কয়েকদিন পর তার মৃতদেহ উদ্ধার করা হয়।

## খোলা চোখে

( পূর্বানুবৃত্তি )

অজিতেশ কৌশাম্বি

একদা অবাধ-বাণিজ্যের প্রবক্তা অ্যাডাম স্মিথ বলেছিলেন গ্রাম ও শহরের ক্রমবর্ধমান ফারাকে অর্থ-নৈতিক বিপর্য্যয়ের কথা। আমাদের পশ্চিম-বাংলায় শুধুমাত্র কোলকাতাকে বাঁচিয়ে রাখতে দিন দিন অয়ূগৌন ক্ষয়িষ্ণু কৃষিনির্ভর গ্রামগুলি একদিকে তাদের উৎপাদিত পণ্যসামগ্রীর যেমন দাম পাচ্ছে না অন্যদিকে তাদেরই চোখের সামনে 'জলের দামে' উধাও হয়ে যাওয়া জিনিসগুলির স্বাদ তাদের ভাগ্যে জোটে না। কোলকাতায় একদিন কোন জিনিসের যোগান ব্যাহত হলে প্রশাসনের টনক নড়ে। কিন্তু মফঃস্বলী শহরগুলি যাদের সক্রিয় সহযোগিতায় গ্রামগুমি বেঁচে থাকতো—এদের অবস্থা ক্রমে করুণ থেকে করুণতর। অথচ কোলকাতার ওপর অতি নির্ভরতা বা চাপ কমাতে এই মফঃস্বল শহরগুলিই এতদিনে হতে পারতো 'ক্ষুদে কোলকাতা!'

রাস্তাঘাট, শিক্ষা ও স্বাস্থ্যের উন্নয়নমুখী পরিকল্পনার কিছু রূপণ ছিটেফোঁটা এ জেলার ভাগ্যে জুটলেও নবাবী যুগের পতনের সঙ্গে সঙ্গে এর অর্থ-নৈতিক ভবিষ্যৎও গঙ্গাবক্ষে নিমজ্জিত। অথচ পাট, তামাক, বিড়ি যোগানে এবং সর্বোপরি আবগারী শুল্ক আদায়ে একমাত্র জঙ্গিপুর মহকুমারই এখনও একচেটিয়া আধিপত্য। এ শহরের মিউনিসিপ্যালিটির বয়সও একশো বছর পেরিয়ে গেছে। অথচ উন্নয়নমুখী পরিকল্পনায় একে ফেলে রাখা হয়েছে কালো অন্ধকারের মধ্যে। যেখানে কোন শিল্প গড়ে তোলা হয়নি, ব্যবসা বাণিজ্যের তেমন প্রসার ঘটানো হয়নি সেই এলাকায় মানুষের ক্রয়ক্ষমতা স্থানীয় গ্রামগুলির কৃষিজীবী মানুষের ক্রয়ক্ষমতার সঙ্গেই তুলনীয়। অথচ জিনিসের যোগানকে এমন অবস্থায় আনা হয়েছে এবং দাম এমন জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে ( মাছ ও কৃষি-পণ্যের ক্ষেত্রে ) যা অনেক ক্ষেত্রে কোলকাতার বাজারদরের চাইতেও বেশী। স্থানীয় যোগান অব্যাহত রাখা ও তার ন্যায্যমূল্যে সরবরাহ ( স্থানীয়ভাবে উৎপন্ন জিনিসের ক্ষেত্রে ) নিশ্চিত রাখার মৌল দায়িত্ব—স্থানীয় প্রশাসনের। সব দেখে শুনে মনে হচ্ছে অ্যাডাম স্মিথের তথাকথিত 'অবাধ' বাণিজ্যের জয়যাত্রা এখনও অব্যাহত আছে।

### ক্লাবের বার্ষিক উৎসব

মির্জাপুর, ১৪ ডিসেম্বর—স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবের বার্ষিক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ১১ ডিসেম্বর সাড়ম্বরে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি লুথেরান ওয়ার্ল্ড সার্ভিসের ডেপুটি ডিরেক্টর জি এস বোনার্জী এই গ্রামীণ ক্লাবের বিভিন্নমুখী কার্য্যাবলীর ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে জিমন্যাসটিক্স প্রদর্শনী ও ব্রতচারী নৃত্য প্রদর্শিত হয়। ১৪ ডিসেম্বর সাফল্যের সঙ্গে অভিনীত হয় অনুপ ঘোষাল পরিচালিত ঐতিহাসিক পালা 'নাচঘরের কান্না'।

### চক্ষু অস্ত্রোপচার শিবির

জিয়াগঞ্জ খ্রীষ্টীয় সেবা সদনে মহাবীর সেবা মিলনীর উদ্যোগে ৬ ডিসেম্বর একটি চক্ষু অস্ত্রোপচার শিবিরের আয়োজন করা হয়। ওই শিবিরে বিনা ব্যয়ে ১৭১ জন রোগীর চোখে অস্ত্রোপচার করা হয়। রোগীদের বিনা ব্যয়ে চিকিৎসা, চশমা, সপ্তাহ-ব্যাপী থাকা-খাওয়া এবং ওষুধপত্রের ব্যবস্থা করা হয় বলে জানানো হয়েছে।

### আদিবাসী জাগালদার খুন

ফরাক্কা ব্যারেজ, ১৫ ডিসেম্বর—ফরাক্কা থানার রূপডিহি গ্রামে সম্প্রতি একদল যাদবের প্রহারে একজন আদিবাসী জাগালদার নিহত হয়েছেন। পুলিশ সূত্রে জানানো হয়েছে, যাদবরা গরু-মোষ দিয়ে জমির ফসল খাওয়াতে গেলে জাগালদারদের সঙ্গে বিবাদ বাধে। ওই সময় একজন আদিবাসী জাগালদার যাদবদের হাতে গুরুতর-ভাবে আহত হন এবং আশঙ্কাজনক অবস্থায় মালদহ হাসপাতালে ভর্তির কয়েকদিন পর মারা যান।

## পাঁচ লক্ষ টাকার বিদেশী দ্রব্য উদ্ধার

সাগরদীঘি ১০ ডিসেম্বর—ধুলিয়ান কাসটমস গতকাল ৩৪নং জাতীয় সড়কে সাগরদীঘি থানার বোখারার কাছে পাথরকুচি বোঝাই একটি লরি থেকে প্রায় পাঁচ লক্ষ টাকা মূল্যের বিদেশী টেপ রেকরডার, ক্যাসেট, টি ভি সেট এবং মেডিসিন পাউডার উদ্ধার ও আটক করে। পাথরকুচির ভেতর এই সব বিদেশী মাল পাচার করা হচ্ছিল। কাউকে গ্রেপ্তার করা হয়নি।

## জনতার জেলা সভাপতি

সংবাদদাতা, বহরমপুর: ডাঃ অমিত কুমার মৈত্র ভারতীয় জনতা পারটির মুর্শিদাবাদ জেলা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। দেবেশ অধিকারী সাধারণ সম্পাদক এবং বেণুপ্রিয় সেন ও জগদীশ সাহা যুগ্ম সম্পাদক নির্বাচিত হয়েছেন।

## গ্রাম্য বিচারে জরিমানা

সাগরদীঘি, ১৬ ডিসেম্বর—বালিয়ার মাঠ থেকে সরবতী আলু তোলা দেখে একজন জাগালদার একটি ছেলেকে বিচারের জন্য গ্রামে নিয়ে যেতে চাইলে তার মা ধারালো অস্ত্রের আঘাতে জাগালদারকে ঘায়েল করে। ঐ মহিলাকে দোষী সাব্যস্ত করে জরিমানা করা হয়।

## জুয়ার আড্ডায় হানা

ফরাক্কা ব্যারেজ, ১৭ ডিসেম্বর—আজ ফরাক্কা পুলিশ একটি জুয়ার আড্ডায় হানা দিয়ে ৮ জন জুয়ারীকে গ্রেপ্তার এবং ৩৫৬ টাকা বোর্ডমানি উদ্ধার ও আটক করেছে। খবরটি পুলিশী সূত্রের।

## জনতা নেতা পরলোকে

সংবাদদাতা বহরমপুর: ভারতীয় জনতা পারটির অন্যতম নেতা ডাঃ ধীরেন তালুকদার ৭ ডিসেম্বর রাত্রে তাঁর ইসলামপুর বাসভবনে পরলোকগমন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর। ছাত্রজীবনে একজন সুদক্ষ ফুটবল খেলোয়াড় হিসেবে রাজশাহী জেলায় প্রভূত খ্যাতি অর্জন করেছিলেন। সেই সময় হতে তিনি স্বদেশী আন্দোলনের সঙ্গে জড়িত ছিলেন। ১৯৬২ সালে তিনি জনসঙ্ঘে যোগদান করেন। ১৯৭৭ সালে জনতা পারটির জন্মলগ্নে তিনি মুর্শিদাবাদ জেলা কমিটির প্রথম সভাপতি মনোনীত হন।

## কুসীদজীবী গ্রেফতার

সাগরদীঘি, ১০ ডিসেম্বর—স্থানীয় কুসীদজীবী জগন্নাথ ভকত সপুত্র পুলিশের হাতে গ্রেফতার হন। তাঁর দোকানে তল্লাসি চালিয়ে ১২ ভরি সোনার গহনা ও প্রায় তিন হাজার টাকার বন্ধকী বাসনপত্র উদ্ধার ও আটক করা হয়। কুসীদজীবীর কারবার বেআইনী বলে পুলিশ জানায়। খবরটি পুলিশ সূত্রের। পরে তাঁদের জামিনে ছেড়ে দেওয়া হয়।

চর্ম্মরোগ সারায়
ত্বক মসৃণ করে
চন্দ্র-মালতী
প্রস্তুতকারক—
জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
রঘুনাথগঞ্জ (পঃবঃ), পিন—৭৪২২২৫

## জমির ধান লুঠ

সাগরদীঘি, ১০ ডিসেম্বর—দেরীতে পাওয়া এক খবরে জানা গেছে, লালগোলা থানার রাধাকৃষ্ণপুর গ্রামের মোঃ ইয়াসীন সেখ ও তাঁর শরিকের সাগরদীঘি থানার বলরামবাটী মৌজার ২৫৪, ২৫৫ ও ২৫৭ দাগের ৩.২৪ শতক জমির ধান প্রায় চল্লিশ জন লোক মিলে কেটে নিয়েছে। আর একটি খবরে প্রকাশ সাগরদীঘি থানার জালবান্ধা মৌজা থেকে ব্রাহ্মণীগ্রামের এক জোতদারের প্রায় সাত বিঘা জমির ধান সম্প্রতি লুঠ করা হয়েছে, জোতদার আইনের দ্বারস্থ হয়েছেন।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬


## আবার ধর্ষণের চেষ্টা


( শেষ পৃষ্ঠার পর )

চিৎকারে লোকজন জড় হয় এবং উদ্ধার করে। এই সময় দু'জন উদ্ধারকারী আহত হয়। রূপসী নিজেই সমস্ত ঘটনা সাগরদীঘি পুলিশ এবং জেলা পুলিশ সুপারকে জানায়। এখন পর্যন্ত গ্রেফতারের কোন খবর নাই।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
বেশার বাস সারভিস
ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয় )

পানে ও আপ্যায়নে
চা ঘরের চা
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২






ইউকোব্যাঙ্কের সাহায্যে ছোটো-খাটো ব্যবসা চালান

আপনি যদি মনে করেন যে একটি মুদিখানা, চুল কাটার দোকান, তৈরি জামাকাপড়ের দোকান অথবা ছোটো-খাটো একটি জুতো তৈরির কারখানা করে নিজের জীবিকা নির্বাহ করতে পারবেন তাহলে আপনি স্বচ্ছন্দে আমাদের সাহায্যের উপর ভরসা করতে পারেন। এই রকম ব্যবসা চালাতে আমরা যথাসম্ভব সাহায্য করি। খুচরা ব্যবসা ও ছোটো ব্যবসায়ীদের জন্যে তৈরি আমাদের প্রকল্পে আপনি বার্ষিক শতকরা ৯.৭০ থেকে ১১.৮৫ সুদে ৫০,০০০ টাকা পর্যন্ত ঋণ পেতে পারেন। আসবাবপত্র ও সরঞ্জাম কেনা এবং মজুত মাল থাকলে মূলধনের জন্যেও ব্যাঙ্কের ঋণ পাওয়া যায়।

এ পর্যন্ত আপনার মতো আরো অনেকেই তাদের ছোটোখাটো ব্যবসা চালানোর জন্যে আমাদের সাহায্য নিয়েছেন। আপনার ছোটো ব্যবসা গড়ে তুলতে আমরাই আপনাকে সাহায্য দেব। লাভজনক করে তোলার দায়িত্ব, অবশ্য, আপনার।

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক
জনগণকে স্বাবলম্বী করে তুলতে সাহায্য করছে

UCO/CAS.55/79R BEN

## পুরমন্ত্রী সন্তুষ্ট

( ১ম পৃষ্ঠার পর )

নির্মাণের দাবি অত্যন্ত ন্যায় সঙ্গত। রঘুনাথগঞ্জ শহরের জনবসতি থেকে মর্গ স্থানান্তরের জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানাবেন বলেও তিনি জানান। তিনি আরো জানান, রাজ্যের ১০৪টি পুরসভার মধ্যে মাত্র ষোলটিতে পানীয় জল সরবরাহের কোন ব্যবস্থা নাই। রাজ্য সরকার সমস্ত পুরসভাতেই পানীয় জল সরবরাহের ব্যবস্থা করবেন। পুরসভাগুলি বর্তমানে শুধুমাত্র হেড ক্লার্কের ওপর নির্ভর করে চলে। এই ব্যবস্থার অবসানের জন্য রাজ্য সরকার পুরসভাগুলিতে একজন করে একজিকিউটিভ অফিসার ( প্রশাসন ), একজন ইনজিনীয়ার, একজন হেলথ অফিসার এবং একজন করে একাউনট্যানট নিয়োগ করবেন। সরকারী নিয়োগে পুরসভার অধীনে তাঁরা কাজ করবেন। পুরমন্ত্রী আরো জানান, গত এক বছরে জঙ্গিপুর পুরসভার নতুন কমিটিকে উন্নয়নমূলক কাজের জন্য সাত লক্ষ টাকা রাজ্য সরকার দিয়েছেন। পুরমন্ত্রী হিসাব পরীক্ষা করে দেখেছেন, সমস্ত টাকা পরিকল্পনা মাফিক সুষ্ঠুভাবে খরচ হয়েছে বা হচ্ছে। তিনি জানান, তিন চারটি পুরসভার জন্য একটি করে রোড রোলার কিনে দেওয়া হচ্ছে। ২'১৫ লক্ষ টাকা দিয়ে সে কমই একটি রোড রোলার ধুলিয়ান, জঙ্গিপুর, আজিমগঞ্জ-জিয়াগঞ্জ ও লালবাগ পুরসভার জন্য কিনে দেওয়া হয়েছে।

## জেলা পুলিশ সুপার

( ১ম পৃষ্ঠার পর )

করেন। একজন বর্গাদার জোতদারের হাতে বন্দুকের গুলিতে নিহত হয়েছে বলে পুলিশ সুপার জানান। ঘটনাটি ঘটে খড়গ্রাম থানার ঝিল্লিতে। এই ঘটনায় পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সুপার সুলতান সিং সাংবাদিক সম্মেলনে আরো জানান, খড়গ্রাম, ভরতপুর, নবগ্রাম, কান্দী, সাগরদীঘি প্রভৃতি জায়গা থেকে মোট চল্লিশটি বন্দুক সীজ করা হয়। বন্দুক সীজ করা নিয়ে হাই কোর্টে কোন কেস হয়নি। জেলায় মারদাঙ্গার ঘটনা কমে কুড়িতে দাঁড়িয়েছে। সাধারণ অপরাধও কমছে। মুরশিদাবাদ জেলা সাংবাদিক সংঘের আবেদন ক্রমে জেলা পুলিশ সুপার সুলতান সিং জেলায় সমস্ত থানার ও সিদের নির্দেশ দিয়েছেন, সাংবাদিকরা থানায় গিয়ে ও সিদের কাছে খবর চাইলে সব রকম খবর পাবেন।

## আবার ধর্ষণের চেষ্টা

( ১ম পৃষ্ঠার পর )

গেছে। খবরে প্রকাশ, ঘটনার দিন সকালে মনিগ্রাম পশ্চিম মাঠে কর্মরত স্বামী সৌভাগ্য মালকে ভাত দিয়ে ফেরার পথে স্ত্রী রূপসী মাল একজন জাগালদারের লালসার শিকার হয়। অভিযোগ, এই জাগালদার রূপসীর ওপর ঝাঁপিয়ে পড়ে এবং জোর করে ধর্ষণের চেষ্টা করে। রূপসী বাধা দেয় এবং চিৎকার করতে থাকে। তার

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

আমিও একদিন……

দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর—এমনিভাবেই দাঁড়িয়ে ছিলাম।

এই থমকে দাঁড়িয়ে থাকার থেকে আজ আমি সদা কর্মব্যস্ত। জনপ্রিয় এই কর্মব্যস্ততা আমার মধ্যে এনে দিয়েছে। এই থমকে থাকা জীবন থেকে বেরিয়ে এসে আজ আমি এক সন্তানের পিতা এবং সুখী।

শুধু আমিই নই—আমার মতন আরো হাজার হাজার বেকারের মুখেও জনপ্রিয় আজ আশার আলো জাগিয়েছে।

জনপ্রিয় ফিনানস এণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল

ইনভেষ্টমেণ্ট ( ইণ্ডিয়া ) লিমিটেড

হেড অফিস—চ্যাটার্জ্জী ইন্টারন্যাশনাল সেন্টার

( ৫ম তল )

৩৩এ জহরলাল নেহেরু রোড ( চৌরঙ্গী রোড ) কলি-৭০০০৭১

ভারতের সর্বত্র আমাদের ব্রাঞ্চ অফিস ও অর্গানাইজেশন অফিস আছে।

শাখা অফিস—ষ্টেশন রোড, বহরমপুর

শীঘ্রই রঘুনাথগঞ্জে অর্গানাইজেশন অফিস খোলা হইতেছে।

সকলের প্রিয় এবং বাজারের সেরা

ভারত বেকারীর শ্লাইজ ব্রেড

মিয়াপুর * ঘোড়শালা * মশিদাবাদ

# মুর্শিদাবাদ জেলায় রবি গ্রীষ্ম মরশুমে ময়ূরাক্ষীর সেচ ব্যবস্থা

এ বৎসরও ময়ূরাক্ষী সেচ প্রকল্প থেকে আগামী রবি গ্রীষ্ম মরশুমে সেচের জল পাওয়া যাবে। মুরশিদাবাদ জেলায় প্রায় ২৫ হাজার একর গমে ও ২৪ হাজার বোরো ধানের জন্য জল দেওয়ার লক্ষ্যমাত্রা ধার্য্য হয়েছে। কোন্ কোন্ ব্লকে কতটা জমিতে সেচ দেওয়া হবে তা আপনাদের জানিয়ে দিচ্ছি।

| ব্লকের নাম | গমের জন্য এলাকার হিসাব | বোরোর ( ধান ) একর হিসাব | লাংলহাটা ও সাহোঘাটা বিল এলাকায় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| বড়ঞা | ৫৮০০ | ৬৬৯০ | ২০০০ |
| খড়গ্রাম | ৮০০০ | ৪,৯২০ | ১০০০ |
| কান্দী | ২০০ | ২০ | ২০০ |
| নবগ্রাম | ১০০০ | ৮৭০ | ৩৮০০ |
| সুতি-১ | ১২০০ | ৯০০ | — |
| রঘুনাথগঞ্জ-১ | ৩৩০০ | ১৩০০ | — |
| সাগরদীঘি | ৫০০ | ১৮০০ | — |
| ভরতপুর-১ | — | — | ১০০০ |

নিজ নিজ এলাকায় কৃষি সম্প্রসারণ আধিকারিকের সঙ্গে যোগাযোগ করে জেনে নিন কোন মৌজায় কতটা জমিতে সেচের জল পাওয়া যাবে।

ময়ূরাক্ষী সেচ প্রকল্প এলাকাধীন চাষীরা যেন আগামী ডিসেম্বর মাসের মাঝামাঝি আমন ধান কেটে নেবেন। কারণ এবার আশা করা হচ্ছে যে আগামী ২৫শে ডিসেম্বর থেকে প্রকল্প এলাকায় সেচের জল দেওয়া সুরু হবে।

যে সব নির্ধারিত এলাকায় বোরোর জন্য জল দেওয়া হবে, সেখানে জলদি জাতের বোরো ধানের বারোয়ারী বীজতলা তৈরী করুন। এতে ক্যানেলের জল দেওয়ার সময় সীমার মধ্যে ফসল তোলা সম্ভব হবে।

মুরশিদাবাদ কৃষি বিভাগ কর্তৃক প্রচারিত।
জেলা তথ্য ও সংস্কৃতি, মুরশিদাবাদ।

আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর ?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। ল্যানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম রুক্ষতা রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অজুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।